গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

## উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির মে/২০২৬খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ২৪/০৫/২০২৬খ্রি.

সময় : সকাল: ১১:২০ ঘটিকা

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা সভায় কার্যবিবরনী পাঠ করে শুনান, এতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য সচিব, সভায় অত্র উপজেলায় বাল্যবিবাহ প্রতিরোধে বিভিন্ন কার্যক্রমের বর্ণনা দেন। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১. বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত কমিটির আলোচনা ও সিদ্ধান্ত সমূহ :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্নমুখী পদক্ষেপ নেয়ায় এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় আগের তুলনায় বাল্যবিবাহ অনেকাংশে কমেছে। সংশ্লিষ্ট সকলকে যার যার অবস্থান থেকে বাল্যবিবাহ বন্ধে সজাগ থাকতে হবে। | প্রশাসন কর্তৃক বিভিন্নমুখী পদক্ষেপের কারণে বাল্যবিবাহ বন্ধ হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। যার যার অবস্থান থেকে বাল্যবিবাহ বন্ধে সজাগ থাকতে বলা হয়। | উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। |
| ০২ | প্রত্যেক স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক সমাবেশে বাল্যবিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে আলোচনা করা। | প্রত্যেক স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক সমাবেশে বাল্যবিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষক এবং কিশোর-কিশোরী ক্লাব। |
| ০৩ | সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগীদের মধ্যে বাল্যবিবাহ ও যৌতুক নিরোধ সম্পর্কে সামাজিক সচেতনতামূলক বিষয়ে আলোচনা করা হয়। | উপকারভোগীদের মধ্যে ভাতা ও খাদ্য বিতরণের সময় স্ব স্ব বিভাগের বিভাগীয় কর্মকর্তাগণ বাল্যবিবাহের কুফল সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল)। |
| ০৪ | জন্মনিবন্ধন দেয়ার ক্ষেত্রে সময় যাচাই-বাছাই করে সতর্কতার সহিত জন্ম নিবন্ধন দিতে হবে। | জন্মনিবন্ধন দেয়ার ক্ষেত্রে সময় যাচাই-বাছাই করে সতর্কতার সহিত জন্ম নিবন্ধন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)। |

২. বাল্যবিবাহ সংক্রান্ত তথ্যাদি :

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এমন বিবাহের সংখ্যা | বাল্যবিবাহ হতে পরিত্রান পেয়েছে এমন শিশুর নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| মুরাদনগর | - | - | - |

৩. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদি:

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ২২নং টনকি ইউনিয়ন | বাল্যবিবাহ নিরোধের বিষয়ে ২২নং টনকি ইউনিয়ন পরিষদ ১৭.০৫.২০২৬ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ বিষয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাল্যবিবাহের আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২৬

এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭-৯১ তারিখ: ২৪/০৫/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা...................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান...................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব...........................................মুরাদনগর, কুমিল্লা

AAwal
28/5/2026

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd

## উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মে/২০২৬খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ২৪/০৫/২০২৬খ্রি.
সময় : সকাল: ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যঃ পরিশিষ্ট- ক

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় বিনা সংশোধনীতে কার্যবিবরণী অনুমোদন করা হয়। অতপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

১. উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে প্রাপ্ত আবেদন সংক্রান্ত তথ্যাদিঃ

| ক্রঃ নং | অভিযোগের ধরণ | গত মাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট | আলোচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | পেন্ডিং অভিযোগের মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | |
| ১. | - | - | - | - | - | - | - | - | - |

২. ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত : সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান স্থানীয়ভাবে উল্লিখিত মাসে কোনো অভিযোগ পাওয়া যায় নি এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল হতে তদন্তের জন্য কোন পত্র পাওয়া যায়নি। সভায় প্রত্যেক ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করার জোর দেয়া হয়। ইউনিয়নের কোথাও যাতে নারী ও শিশু নির্যাতন সংঘঠিত না হয় সে ব্যাপারে সকলকে সজাগ থাকার পরামর্শ প্রদান করা এবং ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।

৩. সিদ্ধান্তঃ সভায় মুরাদনগর থানায় করা ০৬টি মামলা এবং বাঙ্গরা বাজার থানায় করা ০৩টি মামলার সঠিক তদন্ত করে আইনি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানাকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত যে যার অবস্থান থেকে নারী নির্যাতন যাতে সংঘটিত না হয় সে ব্যাপারে সজাগ থাকতে হবে এবং প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের ইউনিয়নে এবং ওয়ার্ডে সভা করে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. বাস্তবায়নঃ ১। অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা, কুমিল্লা
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

৫. ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত আবেদনের তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | গতমাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগর সংখ্যা | মোট | আলোচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | পেন্ডিং অভিযোগের সংখ্যা | ইউনিয়ন পর্যায়ে মাসিক সভা হয়েছে কিনা |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২২টি ইউনিয়ন | - | - | - | - | - | হয়েছে |

৬. অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং বাংগরা বাজার থানা থেকে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার বিবরণঃ

| ক্র.নং | মামলার নং তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মুরাদনগর থানার ,এফআইআর নং-২, তারিখ- ০৩ এপ্রিল, ২০২৬; ধারা- ৭/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | অপহরণ করার অপরাধ। | |
| ০২ | মুরাদনগর থানার ,এফআইআর নং-৮, তারিখ- ১০ এপ্রিল, ২০২৬; ধারা- ৯(১) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | শিশুকে ইচ্ছার বিরুদ্ধে জোড়পূর্বক ধর্ষণ করার অপরাধ। | |
| ০৩ | মুরাদনগর থানার ,এফআইআর নং-৯, তারিখ- ১০ এপ্রিল, ২০২৬; ধারা- ১০/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | নারীকে যৌন পীড়ন ও সহায়তা করার অপরাধ। | |
| ০৪ | মুরাদনগর থানার ,এফআইআর নং-১৬, তারিখ- ২০ এপ্রিল, ২০২৬; ধারা- ৯(৪)(খ) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | শিশুকে জোর পূর্বক ধর্ষণের চেষ্টার অপরাধ। | |
| ০৫ | মুরাদনগর থানার ,এফআইআর নং-১৯, তারিখ- ২৪ এপ্রিল, ২০২৬; ধারা- ৭/৩০/৯(১) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | অপহরণ পূর্বক শিশু ধর্ষণ ও সহায়তায় করার অপরাধ। | |
| ০৬ | মুরাদনগর থানার ,এফআইআর নং-২১, তারিখ- ২৮ এপ্রিল, ২০২৬; ধারা- ৭/৩০/৯(১) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; তৎসহ ৫০৬ পেনাল কোড, ১৮৬০; | শিশুকে অপহরণ পূর্বক ধর্ষণ ও সহায়তার অপরাধ তৎসহ হুমকি ধমকি প্রদানের অপরাধ। | |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | বাঙ্গরা বাজার থানার এফআইআর নং-২০, তারিখ- ১১ এপ্রিল, ২০২৬; ধারা- ৭/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | জোরপূর্বক অপহরণ করার অপরাধ। | |
| ০৮ | বাঙ্গরা বাজার থানার এফআইআর নং-২৬, তারিখ- ১৭ এপ্রিল, ২০২৬; ধারা- ১১(খ) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; তৎসহ ৩১৩ পেনাল কোড, ১৮৬০; | যৌতুকের জন্য নারীকে এলোপাতাড়িভাবে মারধর করে গুরুতর জখম করে এবং পেটে আঘাত করলে রক্তক্ষরণ শুরু হয়। পরবর্তীতে অসুস্থ অবস্থায় তাকে উদ্ধার করে হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়। চিকিৎসাধীন অবস্থায় তার ৩ মাসের গর্ভের সন্তান নষ্ট হয়ে যায়। | |
| ০৯ | বাঙ্গরা বাজার থানার ,এফআইআর নং-৩৩, তারিখ- ২৬ এপ্রিল, ২০২৬; জি আর নং-৯০, তারিখ- ২৬ এপ্রিল, ২০২৬; সময়- ০৬:৩০ ঘটিকা ধারা- ৯(১) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | নারীকে ইচ্ছার বিরুদ্ধে জোরপূর্বক ধর্ষণ করার অপরাধ। | |

৭. সিদ্ধান্তঃ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচাজ বাংগরা বাজার থানাকে অনুরোধ করা হয়।

৮. বাস্তবায়নঃ অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা।

৯. নারী ও শিশু পাচার সংক্রান্ত তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মামলার নং তারিখ ও ধারা | অপহৃত নারী ও শিশুর সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | - | - | - | - |

১০.উদ্বুদ্ধকরন সভার তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা | উদ্বুদ্ধকরন সভার বিষয় | উদ্বুদ্ধকরন সভার উপস্থিতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১৩নং মুরাদনগর এবং ২২নং টনকি ইউনিয়ন | ০৩ | নারী নির্যাতন, বাল্যবিবাহ প্রতিরোধ এবং ইভটিজিং সম্পর্কে সচেতন করা ইত্যাদি | ৬০জন | |

১১. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদি:

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ১৩নং মুরাদনগর ইউনিয়ন | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে ১৩নং মুরাদনগর ইউনিয়ন পরিষদ ১২.০৫.২০২৬ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নারী ও শিশু নির্যাতন আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

অতঃপর সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২৬

এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

২৪/০৫/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭-৯০ তারিখ: ২৪/০৫/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা..............................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান..........................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব..................................................মুরাদনগর, কুমিল্লা

AAwal 24/05/2026

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

২৪/০৫/২৬